

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬০২

৬/ সফর (أُبْوَابُ السَّفَر)

পরিচ্ছেদঃ এক রাকআতে দুই সূরা পাঠ করা।

باب مَا ذُكِرَ فِي قِرَاءَةِ سُورَتَيْنِ فِي رَكْعَةٍ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، قَالَ أَنْبَأَنَا شُعْبَةُ، عَنِ الْأَعْمَشِ، قَالَ سَمِعْتُ أَبَا وَائِلِ، قَالَ سَأَلَ رَجُلٌ عَبْدَ اللَّهِ عَنْ هَذَا الْحَرْفِ (غَيرِ آسِنِ) أَوْ يَاسِنٍ قَالَ كُلَّ الْقُرْآنِ قَرَأُتَ غَيْرَ هَذَا الْحَرْفِ قَالَ نَعَمْ. قَالَ إِنَّ قَوْمًا يَقْرَءُونَهُ يَنْتُرُونَهُ نَثْرَ الدَّقَلِ لاَ يُجَاوِزُ وَرَأُتِ غَيْرَ هَذَا الْحَرْفِ قَالَ نَعَمْ. قَالَ إِنَّ قَوْمًا يَقْرَءُونَهُ يَنْتُرُونَهُ نَثْرَ الدَّقَلِ لاَ يُجَاوِزُ وَرَاقِيَهُمْ إِنِي لأَعْرِفُ السُّورَ النَّظَائِرَ الَّتِي كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَقْرِنُ بَيْنَهُنَ وَالسَّورَ النَّطَائِرَ الَّتِي كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَقْرِنُ بَيْنَ كُلِّ سُورَتَيْنِ فِي رَكْعَةٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنُ الله عليه وسلم يَقْرِنُ بَيْنَ كُلِّ سُورَتَيْنِ فِي رَكْعَةٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنُ صَحَيحٌ .

বাংলা

৬০২. মাহমূদ ইবনু গায়লান (রহঃ) আবৃ ওয়াইল (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন জনৈক ব্যক্তি একবার আবদুল্লাহ ইবনু মাসউদ রাদিয়াল্লাছ আনছ কে জিজ্ঞাসা করলেনঃ শব্দটি غَيْرِ آسِنِ विनि বললেনঃ এটি ছাড়া কুরআনের সব কিছু কি তুমি পড়ে ফেলেছ? সে বললঃ হ্যাঁ। তিনি বললেনঃ কোন কোন সম্প্রদায় কুরআন পড়ে এবং রদ্দী খেজুরের মতো ছুঁড়ে ফেলে দেয়। তাদের কণ্ঠ অতিক্রম করে না তা। আমি তো সেই সা'দৃশ্যপূর্ণ সূরাগুলি সম্পর্কে জানি, যেগুলিকে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম একত্রিত (পাঠ) করতেন। আবৃ ওয়ায়ল বলেনঃ আমরা আলাকামা (রহঃ)-কে ঐগুলি সম্পর্কে ইবনু মাসউদ রাদিয়াল্লাছ আনছ এর নিকট জিজ্ঞাসা করতে বললাম। তিনি সে সম্পর্কে জিজ্ঞাসা করলে ইবনু মাসউদ রাদিয়াল্লাছ আনছ বললেনঃ এ হল মুফাসসাল পর্যায়ের বিশটি সূরা। রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম প্রতি রাকআতে এই সূরাসমূহের দুটি দুটি সূরা করে একত্রিত (পাঠ) করতেন। - সহিহ আবু দাউদ ১২৬২, সিফাতুস সালাত, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৬০২ আল মাদানী প্রকাশনী।

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ।



English

Abu Wa'il said:

"A man asked Abdullah bin Mas'ud about this phrase: 'Ghairi asin' or is it Yasin? So he said: 'You can recite all of the Quran besides this [phrase]?' He said: 'Yes.' He said: 'Indeed a people recite it, disbursing it like Ad-Daqqa are dispersed, without it passing their throats. Indeed I am aware of the surahs that are comparable which the Messenger of Allah would recite together.'" He said: "So we told Alqamah to ask him (what they were). He said: "Twenty surahs from the Mufassal from which the Prophet would combine, reciting every two Surah in a Rak'ah.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ ওয়াইল (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন